# কনস্টেবলের স্ত্রীর সঙ্গে শারীরিক সম্পর্ক, চাকরি হারালেন এএসপি




ছবি: সংগৃহীত

কনস্টেবলের স্ত্রীর সঙ্গে বিবাহবহির্ভূত সম্পর্কে জড়ানোর ঘটনায় বিভাগীয় তদন্তে দোষী সাব্যস্ত হয়েছেন সহকারী পুলিশ সুপার (এএসপি) কাজী মিজানুর রহমান। এ কারণে তাঁকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। তিনি পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) দিনাজপুর জেলায় কর্মরত ছিলেন। এর আগে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও ট্রাফিক জোনে সহকারী পুলিশ কমিশনারের দায়িত্বে ছিলেন।

শনিবার (৩১ অক্টোবর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে তাঁর অবসরের আদেশের কথা জানানো হয়। এতে স্বাক্ষর করেন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী।

বিভাগীয় মামলার বিবরণে বলা হয়েছে, ২০২২ সালের এপ্রিলে বরিশাল মেট্রোপলিটন পুলিশের এক কনস্টেবলের স্ত্রীর সঙ্গে ফেসবুকে যোগাযোগ তৈরি হয় কাজী মিজানুর রহমানের। একপর্যায়ে ওই নারীর সঙ্গে তাঁর বিবাহবহির্ভূত সম্পর্ক গড়ে ওঠে বলে অভিযোগ করা হয়। এ নিয়ে দায়ের করা মামলায় আদালতের পর্যবেক্ষণেও দুজনের সম্মতিতে শারীরিক সম্পর্কের বিষয়টি উঠে এসেছে বলে বিভাগীয় নথির সারসংক্ষেপে উল্লেখ করা হয়েছে।

বিভাগীয় তদন্তে বলা হয়, একজন পুলিশ কর্মকর্তার এমন আচরণে পুলিশ বাহিনীর ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ঘটনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ আনা হয়।

তদন্তে অভিযোগের সত্যতা পাওয়ার পর তাঁকে বাধ্যতামূলক অবসরে পাঠানোর সিদ্ধান্ত হয়। সরকারি কর্ম কমিশনের পরামর্শ নেওয়া এবং রাষ্ট্রপতির ২৫ অক্টোবরের অনুমোদন পাওয়ার পর এ সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে।